আলমডাঙ্গা সরকারি কলেজের আয়োজনে অভিভাবক সমাবেশ

আলমডাঙ্গা সরকারি কলেজে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল দশটার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজের হলরুমে অনুষ্ঠিত হয়েছে অভিভাবক সমাবেশ।

দ্বাদশ শ্রেণির মানবিক ও বানিজ্য বিভাগের ৮০ জন শিক্ষার্থী ও ৯৯ জন অভিভাবকের উপস্থিতিতে বাংসরিক সামষ্টিক মূল্যায়ন সম্পর্কে অভিহিত করার জন্য অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়।

অভিভাবক সমাবেশে সভাপতিত্ব করেন সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মো: মফিজুর রহমান। কলেজের শিক্ষক পরিষদের সহ: সম্পাদক ড. মো: মহবুব আলমের সঞ্চালনায় শিক্ষার্থীদের মধ্য থেকে প্রত্যাশা ব্যক্ত করে বক্তব্য রাখেন মানবিক বিভাগের আফিয়া ইবনাত, নিশাত আফরিন, আফিয়া ফাহমিদা।

অভিভাবকদের মধ্য থেকে পরামর্শ মূলক বক্তব্য প্রদান করেন মো: আনিছুর রহমান (আনিস), মো: মোশাররফ হোসেন, মো: রেজাউল হক, মো: সাব্বির হোসেন। শিক্ষকদের মধ্য থেকে দিক নির্দেশনা মূলক বক্তব্য দেন সহকারি অধ্যাপক মোহা: আব্দুল মোনয়েম, মো: সাইদুর রহমান ও শিক্ষক পরিষদের সম্পাদক মো: মহিতুর রহমান।

এই সমাবেশের মাধ্যমে শিক্ষার্থীদের অগ্রগতি পর্যালোচনা, ভালোমন্দ দিক গুলো আলোচনা, তাদের পড়াশুনার প্রতি মনোযোগ বাড়ানে এবং অনুপস্থিতির হার কমানোর জন্য সচেতনতা বৃদ্ধি করা হয়। অধ্যক্ষ সাহেব শিক্ষার্থীদের কলেজে নিয়মিত ক্লাস করা ও সকল পরীক্ষায় অংশগ্রহণ করার উপর নির্দেশ প্রদান করেন

পিআর পদ্ধতিসহ ৫ দফা দাবিতে

আলমডাঙ্গায় জামায়াতের বিক্ষোভ সমাবেশ

আলমডাঙ্গায় জামায়াতের পিআর পদ্ধতিসহ ৫দফা দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৪টায় উপজেলা মঞ্চে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে কর্মসূচির সূচনা হয়। সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল উপজেলা গেট থেকে শুরু হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

মিছিলটি চারতলা মোড়, হাজী মোড়, আলিফ উদ্দিন রোড, হাই রোড হয়ে এরশাদ মঞ্চে গিয়ে শেষ হয়। উপজেলা জামায়াতের আমির প্রভাষক শফিউল আলম বকুল-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হুসাইন টিপু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের সমাজকল্যাণ সম্পাদক আলতাফ হুসাইন, আইন ও আদালত বিষয়ক সম্পাদক দারুস সালাম। সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, জুলাই সনদ বাস্তবায়ন, পিআর পদ্ধতিতে নির্বাচনসহ ৫ দফা দাবি বাস্তবায়ন ছাড়া বাংলাদেশে কোন নির্বাচন হবে না।

উদ্বোধনী বক্তব্য দেন পৌর শ্রমিক কল্যাণ সভাপতি সাহিন শাহিদ, পৌর আমীর মাহের আলী। আরও বক্তব্য রাখেন, কুমারী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল কাদের, পৌর যুব সভাপতি সাইফুল্লাহ হুসাইন, পৌর নায়েব আমীর জুলফিকার আলী, উপজেলা দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, জিএ সেক্রেটারি কামরুল হাসান সোহেল, উপজেলা যুব সভাপতি তরিকুল ইসলাম।

এই বিক্ষোভ সমাবেশে আরও উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা সহকারী সেক্রেটারি বিলাল হোসাইন, যুব বিভাগের সভাপতি তরিকুল ইসলাম, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, কুমারী ইউনিয়ন আমির আবুবকর সিদ্দিক বাবলু, কালিদাসপুর আমির আসাদুল হক, ডাউকি আমির সজিবুর রহমান, জামদানি আমির ফজলুল হক, বেলগাছি ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, নাগদাহ ইউনিয়ন আমের ডাক্তার রিপন বিশ্বাস, আইলহাস ইউনিয়ন আমির লিয়াকত আলী, খাসকররা ইউনিয়ন আমির মাওলানা আব্দুল লতিফ, জেহালা ইউনিয়ন আমির প্রভাষক হুমায়ুন কবির, হারদি ইউনিয়ন আমির গিয়াস উদ্দিন ও বাড়াদি ইউনিয়ন আমির জাহাঙ্গীর আলমসহ ইউনিয়নের অন্যান্য দায়িত্বশীলবৃন্দ। সঞ্চালনায় ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আলমডাঙ্গা

উপজেলা সেক্রেটারি মুহা. মামুন রেজা।

আলমডাঙ্গা দুর্গাপূজার আর্থিক সহোযোগিতায় শরিফুজ্জামান শরিফ

সত্য সনাতন ধর্মাবলম্বী হিন্দু মানবজাতির সর্ববৃহৎ ধর্মীয় উৎসব হলো দুর্গাপূজা। বিপদতারিণী মাতা দশ হাতে দশ অস্ত্র নিয়ে আবির্ভূত হয়েছিলেন অসুর দমনে। মহিষাসুরকে বধ করে অশুভ শক্তির বিনাশ করে জগতে শান্তি প্রতিষ্ঠা করেন। জগৎ সংসার তার প্রতিদানস্বরূপ আবহমানকাল ধরে অখণ্ড জনপদে তার পূজা-অর্চনা করে আসছে। বাংলাদেশ সেই অখণ্ড অংশের সনাতনী হিন্দুগণের উপাস্য দেবী দুর্গার পূজা হয়ে থাকে প্রতিবছর।

আলমডাঙ্গা উপজেলায় সংখ্যালঘু এই সনাতনী হিন্দুগণের আরাধনায় স্থান পেয়েছে মাতা জগদ্ধাত্রী অভিন্নরূপে দুর্গা মাতা। আলমডাঙ্গা উপজেলায় এ বছর মোট ৩৫টি পূজামণ্ডপ আলোকসজ্জায় মা দুর্গার মৃন্ময়ী মূর্তি বিভিন্ন রূপের ডালি সাজিয়ে আগমন ঘটেছে ঘোড়ার পিঠে চড়ে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ আর্থিকভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। প্রতিটি মণ্ডপে প্রতি ছয় হাজার টাকা অনুদান হিসেবে সকল মণ্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের হাতে তুলে দিয়েছেন। সেই সঙ্গে নির্বিঘ্নে পূজা সম্পন্নকরণে সকল সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন।

আলমডাঙ্গা নাগদাহতে বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা নাগদাহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে কর্মিসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন বিএনপি ও সমর্থক গোষ্ঠীদের মধ্যে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

উক্ত মতবিনিময় সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি জনাব আব্দুর রশিদ হেবা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক ও জেহালা ইউনিয়ন পরিষদের সাবেক সফল চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সাবেক সভাপতি, আনিসুর, রহমান আনিচ। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা কৃষকদলের সাবেক সভাপতি বোরহান উদ্দিন, আলমডাঙ্গা উপজেলা, যুবদলের, যুগ্ম আহ্বায়ক, মোঃ মাগরিব হোসেন।

উক্ত মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়ন বিএনপি সমর্থক গোষ্ঠী, অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা।

আলমডাঙ্গা জামায়াতে ইসলামী ডাউকি শাখার নির্বাচনী সভা

আলমডাঙ্গা জামায়াতে ইসলামী ডাউকি ইউনিয়ন শাখার উদ্যোগে নির্বাচনী সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। ছত্রপাড়া গ্রামের পশ্চিম পাড়ায় মাগরিবের নামাজের পর সাধারণ মানুষের সুখে দুঃখে তাদের পাশে থাকার জন্য প্রতিশ্রুতির কথা ব্যক্ত করেন।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা-১

আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী জননেতা এ্যাডঃ মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, স্বাধীনতার ৫৩ বছর পেরুলেও এদেশে সাধারণ মানুষের ভাগ্যে কোন পরিবর্তন ঘটেনি। তাই আগামী সংসদ নির্বাচনে দাড়িপাল্লা মার্কায় ভোট দিয়ে কোরআনের আইন বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের পাশে থাকতে চাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা শাখার আইন আদালত বিষয় সম্পাদক দারুসসালাম, আলমডাঙ্গা উপজেলা শাখার সহকারী সেক্রেটারি তরিকুল ইসলাম, উপজেলা মসজিদ মিশনের সভাপতি আব্দুল মান্নান, ডাউকি ইউনিয়ন শাখার আমির সজিবুর রহমান, সেক্রেটারী ডাঃ আব্দুস সালাম সহকারী সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম ও আলাউদ্দিন যুব বিভাগের সেক্রেটারি নওশাদ আলী, মুন্সি আব্দুস সালাম, শিলু আবুছদ্দিন,এনামুল,আলম, কলমসহ আরও অনেকে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ৭নং ওয়ার্ড সভাপতি সাইদুর রহমান এবং সঞ্চালন করেন, ওয়ার্ড সেক্রেটারি মেহেদী হাসান সলোক।

আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা

আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে ওপেন হাউজ ডে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় আলমডাঙ্গার ভাংবাড়ীয়াতে মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে আলমডাঙ্গা থানা কর্তৃক আয়োজিত ওপেন হাউজ ডে অনুষ্ঠানে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

এসময় আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মোঃ মাসুদুর রহমানের সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা। তিনি বিভিন্ন শ্রেণি ও পেশাজীবী ও বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশকে সর্বোচ্চ ভূমিকা রাখতে হবে। সুদীর্ঘ সময় ধরে পুলিশ জনগণের সাথে মিলেমিশে শান্তি প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। তিনি আরও বলেন, পুলিশকে জনবান্ধন করতে এবং পুলিশের মধ্যে

বিদ্যমান অসঙ্গতি দূর করতে ও স্বাধীনভাবে কাজ করার পরিবেশ সৃষ্টি করতে কাজ করছে পুলিশ সংস্কার কমিশন।

জুলাই-আগস্টে পুলিশের ভূমিকা নিয়ে জনগণের মধ্যে যে বিরুপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে তা নিরসনে উত্তম পুলিশি সেবা দিয়ে দূর করতে বাংলাদেশ পুলিশ সর্বাত্মকভাবে কাজ করছে। জনগণের সাথে মিলেমিশে আমরা একটি সুন্দর সুশৃঙ্খল ও ন্যায় ভিত্তিক বাংলাদেশ গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ। ভাংবাড়ীয়া ইউনিয়নে এই প্রথম এসে আমি জানতে পেরেছি ভাংবাড়ীয়া ইউনিয়ন এলাকায় মাদকের রমরামা ব্যবসা চলে।ভাংবাড়ীয়া ইউনিয়ন এমন একটি জায়গা যেখান থেকে

আমার কাছে প্রতিনিয়ত সংবাদ আসে মাদক, বাল্য বিয়ে মানব পাচার ও চাঁদাবাজি, দখলদারির মতো সকল অপকর্ম। আপনাদের সহযোগিতা পেলে আমরা মাদকমুক্ত বাল্য বিয়ে ও চাঁদাবাজি দখলদারি মুক্ত করতে পারব।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ভাংবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় কমিটির সভাপতি কাইয়ুম উদ্দিন হীরক, মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ,ভাংবাড়ীয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সানোয়ার হোসেন লাড্ডু,ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান,সহ-সভাপতি মজিরুল ইসলাম বিজু, সাধারণ সম্পাদক আতাউল হুদা, সাংগঠনিক সম্পাদক আব্দুল মাবুদ, ইউনিয়ন সাবেক সাধারণ সম্পাদক ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকা ও আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সহ-সভাপতি সাংবাদিক সাইফুল হুদা সোহেল, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালক ও মাথাভাঙ্গা পত্রিকার ভ্রাম্যমাণ সাংবাদিক মুর্শিদ কলিন,দৈনিক সময়ের সমীকরন পত্রিকার সাংবাদিক সেলিম রেজা,সাবেক ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাসেল হুদা ছাত্রদল সভাপতি ইমন আলী, উপজেলা যুবদলের সদস্য সেলিম রেজা,সাইফুল ইসলাম বদর,আবুল কালাম, মহিদুল ইসলাম,ইউনিয়ন কৃষক দলের সভাপতি জাকির হোসেন, সহ-সভাপতি জহুরুল ইসলাম জুরাল কসাই, ভাংবাড়ীয়া ইউনিয়নের বাংলাদেশ জামাতে ইসলামীর ভাংবাড়ীয়া ইউনিয়ন আমীর খন্দকার মাসুদুর রহমান, জমির উদ্দিন, ৬ নম্বর ওয়ার্ড বিএনপ’র সভাপতি মতিয়ার রহমান,সাধারণ সম্পাদক আবু সাঈদ। সাবেক যুবদল সভাপতি ঝন্টু মিয়া বিএনপি নেতা রশিদুল ইসলাম, বিএনপি নেতা শুভ আব্দুল হাকিম, আলিহিম মেব্বার, বিএনপি নেতা লিমন মিয়া, হাটবোয়ালিয়া ক্যাম্প আইসি হাফিজুর রহমান হাফিজ, এএসআই সোহেল রানা, এএসআই নাসিরুদ্দিন, কনস্টেবল সাইদুর রহমান উজ্জল হোসেন প্রমুখ।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে গাঁজাসহ গ্রেফতার

আলমডাঙ্গায় মাদকবিরোধী অভিযানে ১ শত গ্রাম গাঁজা উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় এক যুবককে গ্রেফতার করা হয়েছে।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মুহাঃ মাসুদুর রহমান, পিপিএম-এর নেতৃত্বে এসআই (নিঃ) হাফিজুল ইসলাম হাটবোয়ালিয়া পুলিশ ক্যাম্পের সঙ্গীয় ফোর্সসহ নিয়মিত মোবাইল ডিউটি, মাদকদ্রব্য উদ্ধারে অভিযান পরিচালনা করে।

এ সময় গোপন সংবাদের ভিত্তিতে গত বুধবার রাত ১০টা ৩০ মিনিটে আলমডাঙ্গা থানাধীন ১নং ভাংবাড়ীয়া ইউনিয়নের ভাংবাড়ীয়া কারিগরপাড়া গ্রামের পায়ে হাটা রাস্তা থেকে অভিযান চালিয়ে ভাংবাড়ীয়া কারিগরপাড়া গ্রামের রিয়াজ উদ্দিন এর ছেলে মোঃ আরশেদ আলী (৩৮) কে ১ শত গ্রাম গাঁজাসহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করে গতকাল আসামিকে চুয়াডাঙ্গা আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর মুখ থেকে ফিরে এলো যুবক

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নের পারলক্ষ্মীপুর ঘোষপাড়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়েছিলেন এক যুবক। তবে চিকিৎসকদের আন্তরিক প্রচেষ্টায় তিনি বর্তমানে শঙ্কামুক্ত হয়ে সুস্থ জীবনে ফিরেছেন।

ঘটনাটি ঘটে গতকাল বুধবার সকাল ১০টার দিকে। স্থানীয় সূত্রে জানা যায়, মঞ্জুরুল ইসলাম (২৮) নামের ওই যুবক এলাকায় ডিস লাইনের কাজ করার সময় অসতর্কভাবে বিদ্যুতের খুঁটিতে উঠে কাজ করছিলেন। হঠাৎ বিদ্যুতায়িত হয়ে তিনি খুঁটির সাথে ঝুলে পড়েন। মুহূর্তেই এলাকাবাসীর চিৎকারে সহকর্মীরা তাকে নিচে নামিয়ে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান।

হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকরা জানান, “মঞ্জুরুলকে গুরুতর অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল। দ্রুত চিকিৎসা শুরু করার ফলে তার জীবন বাঁচানো সম্ভব হয়েছে।” বর্তমানে তিনি সুস্থ হয়ে উঠেছেন এবং পুরোপুরি শঙ্কামুক্ত। সুস্থ হওয়ার পর মঞ্জুরুল সাংবাদিকদের বলেন, “আল্লাহর অশেষ রহমতে আমি বেঁচে গেছি। ভবিষ্যতে আর কখনো ঝুঁকি নিয়ে কাজ করব না।”

এই ঘটনায় এলাকাবাসীও শিক্ষাগ্রহণ করেছে। তারা জানান, বিদ্যুৎ ও ডিস লাইনের মতো ঝুঁকিপূর্ণ কাজে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা জরুরি।

আলমডাঙ্গার দুর্গাপূজা মণ্ডপে নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করলেন এসপি

আসন্ন শারদীয় দুর্গাপূজাকে ঘিরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ ব্যাপক প্রস্তুতি নিয়েছে। এর অংশ হিসেবে গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত আলমডাঙ্গা থানার বিভিন্ন দুর্গাপূজা মণ্ডপ আকস্মিক পরিদর্শন করেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, বিপিএম-সেবা।

পুলিশ সুপার মণ্ডপগুলোতে উপস্থিত পূজা উদযাপন কমিটির সদস্য, ভক্ত ও স্থানীয় সুধীজনদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি বলেন, “শারদীয় দুর্গাপূজা শুধু হিন্দু সম্প্রদায়ের উৎসব নয়, এটি

বাংলাদেশের সর্বজনীন উৎসব। এখানে সকল ধর্ম-বর্ণের মানুষের অংশগ্রহণ আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতির চিত্র তুলে ধরে। কোনো প্রকার বিশৃঙ্খলা বা অস্থিতিশীলতা সৃষ্টি করতে কেউ যাতে না পারে, সেদিকে পুলিশ সর্বোচ্চ সতর্ক থাকবে।”

তিনি আরও জানান, আলমডাঙ্গা থানার প্রতিটি পূজা মণ্ডপে পুলিশ মোতায়েন থাকবে, পাশাপাশি গ্রামাঞ্চলে আনসার ও গ্রাম পুলিশদের সক্রিয় ভূমিকা নিশ্চিত করা হয়েছে। গুরুত্বপূর্ণ মণ্ডপে থাকবে সিসিটিভি ক্যামেরা, মেটাল ডিটেক্টর এবং টহল টিম। জেলা পুলিশের কন্ট্রোল রুমের সঙ্গে প্রতিটি মণ্ডপকে সংযুক্ত রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।

পরিদর্শনকালে পুলিশ সুপার পূজা কমিটির নেতৃবৃন্দকে উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার আহ্বান জানান এবং দর্শনার্থীদের ভিড় সামলাতে সুষ্ঠু ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। তিনি বলেন, “সকলের সহযোগিতায় দুর্গাপূজা আনন্দমুখর পরিবেশে উদযাপিত হবে—এটাই আমাদের প্রত্যাশা।” এই আকস্মিক পরিদর্শনে আরও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাসুদুর রহমান, পিপিএম, পুলিশ পরিদর্শক (অপারেশন) বিকাশ চন্দ্র সরকার, বিভিন্ন পূজা মণ্ডপ কমিটির সভাপতি ও সম্পাদকবৃন্দ, স্থানীয় জনপ্রতিনিধি ও সুধীজন।

জানা গেছে, এ বছর আলমডাঙ্গা উপজেলায় মোট ৩৫ টি দুর্গাপূজা মণ্ডপে শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ হিসেবে ১২টি মণ্ডপকে চিহ্নিত করা হয়েছে। প্রতিটি মণ্ডপে নির্দিষ্ট সংখ্যক পুলিশ ও আনসার সদস্য দায়িত্ব পালন করবেন।

স্থানীয়রা জানান, পুলিশ সুপারের আকস্মিক এ পরিদর্শনে পূজা উদ্যাপন কমিটি ও সাধারণ মানুষের মধ্যে স্বস্তি ফিরে এসেছে। তারা মনে করছেন, প্রশাসনের এ ধরণের তৎপরতা দুর্গোৎসবকে আরও নিরাপদ ও আনন্দঘন পরিবেশে পরিণত করবে।

আলমডাঙ্গায় জামায়াতের পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ফরিদপুর গ্রামে জামায়াতে ইসলামের পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার মাগরীবের নামাজের পর বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর গ্রাম কমিটির উদ্যোগে স্কুল মোড়ে এক পথসভা অনুষ্ঠিত হয়েছে। ফরিদপুর গ্রাম কমিটির সভাপতি দেলোয়ার হোসেন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম।

প্রধান অতিথি তার আলোচনায় বলেন, সমাজে ন্যায় ও ইনসাফ ভিত্তিক সৎ ও যোগ্য নেতৃত্ব তৈরির এবং দেশ পরিচালনার জন্য আমাদের সবায়কে ভালো মানুষের হাতে দায়িত্বভার তুলে দিতে হবে। এর জন্য প্রতিটি মানুষের কাছে গিয়ে দাওয়াতী কাজের মাধ্যমে ইসলামের সুমহান আদর্শ তুলে ধরতে হবে। তিনি আরো বলেন, একটি কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠা করার জন্য আমাদের দেশের সকল দলকে আদর্শভিত্তিক কাজের প্রতিযোগিতা করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সহকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন, সেক্রেটারি দেলোয়ার হোসেন মন্ডল। আরো উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম মনি, ২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব, সহকারি সেক্রেটারি জুড়ন আলী মালিতা, সদস্য হিসেবে ইব্রাহিম হোসেন, হাবিবুর রহমান, লাল মিয়া, খলিলুর রহমান, খয়বার আলী। সভাটি উপস্থাপনা করেন, ২ নং ওয়ার্ড সেক্রেটারী রুহুল আমীন।